

সমকাল

প্রকাশ : ১৭ মার্চ, ২০১৭ ০০:৫১:২২

পোশাক খাতের চাকরি মেলা শনিবার

সমকাল প্রতিবেদক

প্রশিক্ষণপ্রাপ্তদের চাকরির সুযোগ করে দিতে প্রথমবারের মতো চাকরি মেলার আয়োজন করেছে তৈরি পোশাকশিল্প মালিকদের সংগঠন বিজিএমইএ। আগামীকাল শনিবার রাজধানীর বসুন্ধরা আন্তর্জাতিক কনভেনশন সেন্টারে দিনব্যাপী এ মেলা অনুষ্ঠিত হবে। মেলার উদ্বোধন করবেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। গতকাল বৃহস্পতিবার রাজধানীর বিজিএমইএ ভবনে এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান সংগঠনের সভাপতি সিদ্দিকুর রহমান। সংবাদ সম্মেলনে অন্যদের মধ্যে বিজিএমইএর সিনিয়র সহসভাপতি ফারুক হাসান, মোহাম্মদ নাসির প্রমুখ উপস্থিত ছিলেন। সিদ্দিকুর রহমান বলেন, স্কিল ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম বা সিপ কর্মসূচির আওতায় এ মেলা হবে। মেলায় বিজিএমইএর তালিকাভুক্ত ৪০টি বড় শিল্প প্রতিষ্ঠান অংশ নেবে। মেলা থেকে এক হাজার প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তিকে চাকরি দেওয়া হবে।

Print

ফোন : ৮৮৭০১৭৯-৮৫ ৮৮৭০১৯৫

ফ্যাক্স : ৮৮৭০১৯১ ৮৮৭৭০১৯৬

সম্পাদক : গোলাম সারওয়ার

বিজ্ঞাপন : ৮৮৭০১৯০

প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা ঢাকা - ১২০৮